



শওকত ইমরান আরাফাত
পরিচালক (চ. দা.)
ফোন: ০২-৫৮০৫০১৯৯
directornbg2017@gmail.com
জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা

আধা-সরকারি পত্র নং-২২.০১.০০০০.১১৮.৩৭.০০২.২৪.০১

তারিখ: ০১/০১/২০২৫ খ্রি.

প্রিয় মহোদয়,


আপনি অবগত আছেন যে, জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা একটি অলাভজনক সরকারি জাতীয় প্রতিষ্ঠান। উদ্যান পরিচালনার জন্য আমাদের কার্যালয়ে পর্যাপ্ত সংখ্যক বাগান মালী নেই এবং সরকার কর্তৃক পরিচ্ছন্নতার জন্য শ্রমিক (অনিয়মিত) মজুরি খাতে বাজেট বরাদ্দ অপ্রতুল যা থিনিং, প্রুনিং, হেজ কর্তন, মরা ডাল-পালা ছাঁটাই, গোলাপ বাগান তৈরিকরণ সহ, মৌসুমী বাগান তৈরি, শাপলা পুকুর সংস্কার, পদ্ম পুকুর সংস্কার, চারা উত্তোলনের জন্য বেড তৈরিকরণ সহ সমগ্র উদ্যান এলাকায় আগাছা দমন ইত্যাদি কাজে ব্যয় করা হয়।

২. সম্প্রতি অত্র কার্যালয়ে গজারি বন এলাকা সংলগ্ন ডোবা ও জলশয়ের কচুরিপানা পরিষ্কারের কাজে আপনার কার্যালয় হতে শ্রমিক নিয়োজিত করে পরিষ্কারের কাজ সম্পন্ন করা হয়েছে যা সত্যিই প্রশংসার দাবীদার। আমরা এই উদ্যোগকে স্বাগত জানাই।

৩. আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি ডোবা ও জলশয়ের কচুরিপানা পরিষ্কারের ন্যায় পৌরকর বিলে যে সকল সহযোগিতা উল্লেখ করা হয়েছে যেমন- সড়ক উন্নয়ন, মেরামত, সড়কে বাতি স্থাপন, রক্ষণাবেক্ষণ, ময়লা আবর্জনা অপসারণ ইত্যাদি কার্যাদি/সেবা প্রদানে অত্র জাতীয় উদ্ভিদ উদ্যান-কে ভবিষ্যতেও আপনার এ ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে।

শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার


০১.০১.২০২৫ খ্রি.
(শওকত ইমরান আরাফাত)

জনাব মোঃ জিয়াউর রহমান
উপসচিব
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
অঞ্চল-০২ (মিরপুর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।